



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৩ মার্চ, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ মার্চ, ২০১৮ তারিখ বিকাল সাড়ে ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভাকক্ষে যৌন নিপীড়ন বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ন্যাশনাল উইমেন এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, যৌন নিপীড়নের ব্যাপারে এ বিশ্ববিদ্যালয় সবসময় 'জিরো টলারেন্স' দেখাবে এবং যৌন নির্যাতনের কোন সামান্য অভিযোগ পাওয়া গেলে আমরা কঠোর ব্যবস্থা নিব। যৌন নিপীড়নকারী যেই হোক তাকে শাস্তির আওতায় আনা হবে। তবে এজন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করতে হবে।

অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, প্রফেসর ড. তুলসী কুমার দাস, প্রফেসর ড. নাজিয়া চৌধুরী, সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. আল-আমীন, সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মাহরুবা শারমীন চৌধুরী, বিএমবি বিভাগের সহকারী অধ্যাপক আতকিয়া ফারিহা, কানাডিয়ান হাই কমিশনের ফার্স্ট সেক্রেটারি (ডেভেলপমেন্ট) ট্রিনা ওভিইডো, গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডার ডেভেলপমেন্ট এডভাইজার ফারজানা সুলতানা, ইউএন উইমেনের প্রোগ্রাম এসিস্টেন্ট উম্মে সেলিনা আহমদ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. ফারুক উদ্দিন 'বিল্ডিং ক্যাপাসিটি টু প্রিভেন্ট ভায়োলেন্স এগেইনস্ট উইমেন' শীর্ষক প্রবন্ধ উপস্থাপনা করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ন্যাশনাল উইমেন এসোসিয়েশনের সভাপতি ফওজিয়া করিম ফিরোজ এবং সঞ্চালনা করেন ইউএন উইমেনের প্রোগ্রাম স্পেশালিস্ট পলাশ দাস।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার